দৈনিক ইত্তেফাক

তারিখ ... OCT 08 2006..
পৃষ্ঠা ৮০ কলাম ৭

# বরিশাল শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষায় শূন্য ফলাফলকারী ১১টি স্কুলকে শোকজ

॥ বরিশাল অফিস ॥

বরিশাল শিক্ষা বোর্ডের অধীন এসএসসি পরীক্ষায় শূণ্য ফলাফলকারী ১১টি স্কুলে বিরুদ্ধে শোকজ করা হচ্ছে। এ সকল স্কুলের বিরুদ্ধে শাস্তিস্বরূপ শিক্ষকদের এমপিও ও শিক্ষার্থীদের ভর্তি বাতিলের সুপারিশ করা হয়েছে। কিছুদিনের মধ্যে এ সংক্রান্ত চিঠি ঐ স্কুলগুলোতে পাঠিয়ে দেয়া হবে বলে বোর্ড সূত্র জানায়।

যে ১১টি স্কুলের একজন শিক্ষার্থীও এ বছর এসএসসি পরীক্ষায় পাস করতে পারেনি বিদ্যালয়গুলো হচ্ছে ঃ গলাচিপার কল্যাণ মাধ্যমিক বিদ্যালয়, বাউফলের রামনগর সাফুরা খাতুন বালিকা বিদ্যালয়, পটুয়াখালীর এবিএন মাধ্যমিক বিদ্যালয়, সৈয়দা শাহজাহা খানম বালিকা বিদ্যালয়, নাজিরপুরের মধুভাঙ্গা বালিকা বিদ্যালয়, পল্লীমঙ্গল বালিকা বিদ্যালয়, স্বরূপকাঠীর মৈশানী বালিকা মাধ্যমিক বিদ্যালয়, সোহাগদল গণমান বালিকা মাধ্যমিক বিদ্যালয়, আমাতা কুমার মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়, লালমোহনের সত্যেনী বদিউজ্জামান মাধ্যমিক বিদ্যালয় ও ভোলার শহিদ সালাম মাধ্যমিক বিদ্যালয়।

বোর্ড সূত্র জানায়, এসব স্কুলের বিরুদ্ধে যে শাস্তিমূলক ব্যবস্থার সুপারিশ করা হয়েছে তা শোকজ'র উত্তর পাওয়ার পর সিদ্ধান্ত নেয়া হবে। তবে ইতিমধ্যে ঐ সকল প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকরা শাস্তি থেকে রেহাই পেতে বোর্ডের বিভিন্ন শাখার লোকজনের কাছে ধরনা দিচ্ছেন বলে বোর্ড সূত্র জানায়।